

২৬ Report

বিভ্রান্তিকর সার্কুলার

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে আবেদন করে সাতক্ষীরায় অনেকেই হতাশ

আবদুল গম্বাজেন কটি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পুন্যপদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রশিক্ষণবিহীন ব্যক্তির প্রধান শিক্ষক পদে আবেদন করতে পারবেন। গত ১৫ জানুয়ারী ছিল আবেদনপত্র জমা দেয়ার শেষ দিন। স্ব-স্ব জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর আবেদনপত্র জমা দিয়েছেন প্রার্থীরা। কিন্তু সমস্যা দেখা দিয়েছে ৪ বছর মেয়াদী অনার্স পাস প্রার্থীদের ক্ষেত্রে। প্রধান শিক্ষক পদে পিকাগত যোগ্যতা চাওয়া হয়েছে প্রশিক্ষণ বিহীনদের ক্ষেত্রে এসএসসি থেকে স্নাতকোত্তর বা এর সমমানের পরীক্ষার একটিতে বিত্তীয় বিভাগ/জিপিএ ২.০০সহ কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। ফলে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স উত্তীর্ণ অনেকে নিয়ম অনুযায়ী আবেদন করেছেন। সরকারীভাবে স্বীকৃত যে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স উত্তীর্ণদের মাস্টার্সের সমমান সন্থান দেয়া হয়েছে। সন্তুষ্টি বিসিএস পরীক্ষার অপেক্ষহণের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়। এ ক্ষেত্রে ৪ বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রীধারীদের আবেদন করার সুযোগ দেয়া হলেও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদের ক্ষেত্রে এ সুযোগ রাখা হয়নি। ৪ বছর মেয়াদী অনার্স উত্তীর্ণরা বিসিএস পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হলে সহকারী কমিশনার, সহকারী মহাহিসাব রক্ষক, সহকারী পুলিশ সুপার, সরকারী কলেজের সহায়ক পদে চাকরি পাবেন। অথচ

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদে এসব প্রার্থী আবেদনের সুযোগ পাননি। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স উত্তীর্ণ অনেকে আবেদন করলেও শিক্ষা অধিদপ্তরের সুনির্দিষ্ট কোন নির্দেশনা না থাকায় এসব আবেদনপত্র কি করা হবে তা জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কর্মকর্তারা বলতে পারছেন না। এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের একজন কর্মকর্তা ইনকিলাবকে জানান, ৪ বছর মেয়াদী অনার্স কোর্স পাস প্রার্থীদের আবেদনপত্র বাছাইয়ের সময় বাতিল করা হবে কিনা তা মন্ত্রণালয়ে লিখিতভাবে জানতে চাওয়া হয়েছে। তবে শিক্ষা মন্ত্রণালয় থেকে কোন জবাব পাওয়া যায় নি। জানা গেছে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স উত্তীর্ণ পত পত প্রার্থী আবেদন করে হতাশ হয়েছেন। আবেদনপত্র বাছাইয়ের কাজ চলছে। কিন্তু ওইসব প্রার্থীর আবেদনপত্র কি করা হবে তা এখনো অনিশ্চিত। একাধিক আবেদনকারী জানান, সরকারীভাবে স্বীকৃত মাস্টার্সের সমমান ৪ বছর মেয়াদী অনার্স কোর্স পাস করে বিসিএস পরীক্ষায় অংশ নেয়া যাবে। অথচ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে নিয়ম মোতাবেক আবেদন করে হতাশ হয়েছি। সাতক্ষীরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগাযোগ করলে একজন কর্মকর্তা জানান, শিক্ষা অধিদপ্তরের নির্দেশ চাওয়া হয়েছে। এখনো কোন নির্দেশনা পাওয়া যায় নি। ২/১ দিনের মধ্যে নির্দেশনা না আসলে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স পাস প্রার্থীদের আবেদনপত্র বাতিল করা হবে।